

# যুগান্তর

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১১:১৫ এএম

সারাদেশ

## মাদ্রাসা বোর্ডে দেশ সেরা ঝালকাঠির এনএস কামিল মাদ্রাসা



ঝালকাঠি প্রতিনিধি

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ১০:৪১ পিএম



দাখিল পরীক্ষায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে দেশ সেরা হয়েছে ঝালকাঠির এনএস কামিল মাদ্রাসা। প্রতিষ্ঠানটি থেকে এ বছর ৪২৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ২২৭ জন জিপিএ-৫ পেয়েছে। প্রায় শতভাগ পাশের হার নিয়ে দাখিল পরীক্ষায় সেরা অবস্থান অর্জন করেছে মাদ্রাসাটি।

ফলাফল জানিয়ে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা গাজী শহিদুল ইসলাম বলেন, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত আযীযুর রহমান কায়েদ সাহেব হুজুর প্রতিষ্ঠিত এই মাদ্রাসায় এবার পাশের হার ৯৯.৭৭ শতাংশ এবং জিপিএ-৫ প্রাপ্তির হার প্রায় ৫৪ শতাংশ।

অন্যদিকে ঢাকার দারুলনাজাত আলিয়া মাদ্রাসায় পাশের হার ছিল ৯৬ শতাংশ এবং তামিরুল মিল্লাত কামিল মাদ্রাসায় ৯৭ শতাংশ। গড় ফলাফলে এনএস কামিল মাদ্রাসা দেশের সেরা হিসেবে বিবেচিত হয়েছে বলে জানান অধ্যক্ষ।

এসএসসি পরীক্ষায় ঝালকাঠি সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ২২২ জন পরীক্ষার্থী অংশ নেয়, এর মধ্যে ২১২ জন কৃতকার্য হয় এবং ৫৪ জন জিপিএ-৫ অর্জন করে। সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ২১৫ জন অংশ নিয়ে ২১২ জন পাশ করে, যার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৫৮ জন।

শহরের ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে ৩৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৩২ জন উত্তীর্ণ হয়েছে, জিপিএ-৫ পেয়েছে ২ জন। কুতুবনগর আলিম মাদ্রাসা থেকে ৩৮ জনের মধ্যে পাশ করেছে ৩৪ জন, জিপিএ-৫ পেয়েছে ২ জন। উদ্বোধন মাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষায় অংশ নেয় ১২৪ জন, তবে উত্তীর্ণ হয়েছে মাত্র ৮১ জন। জিপিএ-৫ অর্জন করতে পারেনি কেউ।